২৮/১০/২০০৩

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...

# শিক্ষা উন্নয়ন পরামর্শক কমিটি গঠনের প্রস্তাব

নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন শিক্ষার উন্নয়নের জন্য সংসদ সদস্যদের নেতৃত্বে আঞ্চলিক শিক্ষা উন্নয়ন পরামর্শক কমিটি গঠন করার জন্য নতুন সরকারের কাছে প্রস্তাব দিয়েছে। ফেডারেশন একাডেমিক পরিদর্শনের জন্য নীতিমালা তৈরি,

শিক্ষকদের স্বল্প সময়ের জন্য ইংরেজি, গণিত ও বিজ্ঞানের প্রশিক্ষণ, শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূর করে অভিন্ন শিক্ষা ব্যবস্থা চালু, গুণী ব্যক্তিদের সমন্বয়ে জাতীয় শিক্ষা উন্নয়ন পরামর্শক কমিটি গঠন, ১৯৯৫ সালের সংকোচনমূলক জনবল কাঠামো সংশোধন, টাস্ক ফোর্স গঠন ও জাতীয় শিক্ষানীতি প্রণয়ন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের পেনশন পদ্ধতি প্রবর্তন,

শিক্ষকদের চাকরি নিরাপত্তাবিধি, নিরপেক্ষ জাতীয় শিক্ষক পরিষদ গঠন, নারী শিক্ষার প্রশিক্ষণ ও অষ্টম শ্রেণী থে কর্মসংস্থানমুখী বিশেষ প্রশিক্ষণের ব্যব করার জন্য সরকারের কাছে প্রস্তা দিয়েছে। মঙ্গলবার জাতীয় প্রেসক্লা আয়োজিত এক সাংবাদিক সম্মেল ফেডারেশনের নেতৃবৃন্দ এসব প্রস্তাব দেন

সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ কর ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্য কাজী ফারুক আহমেদ এবং সাংবাদিকদে প্রশ্নের উত্তর দেন সভাপতি মোহাম্ম আজিজুল ইসলাম ও কলেজ শিক্ষ সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদু হক। অন্যদের মধ্যে উপস্থিত ছিলে অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলা মোহাম্মদ আজিজুল হক শাহ, অধ্যক্ষ আ আকবর খান, ওজিএনআর বাশার

নেতৃবৃন্দ শিক্ষার উন্নয়নে সরকারকে সক